

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৮

তারিখ: ২২ চৈত্র ১৪২৭

০৫ এপ্রিল ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০৫ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

রাজশাহী, পাবনা, বগুরা, যশোর, কুষ্টিয়া, খুলনা, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ১ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

০৫ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উত্তর আন্দামান সাগর ও তৎসংলগ্ন মায়ানমার উপকূলে অবস্থানরত নিম্নচাপটি গুরুত্বহীন হয়ে পড়েছে। পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ সীতাকুন্ড ও রাজামাটি অঞ্চল সমূহের উপর দিয়ে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং ঢাকা, টাঙ্গাইল, সন্দ্বীপ, ফেনী, রাজশাহী, পাবনা, খুলনা ও কুষ্টিয়া অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু এলাকা থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৬	৩৪.৩	৩৮.৫	৩৫.৭	৩৮.০	৩৬.১	৩৬.৫	৩৬.০
সর্বনিম্ন তাপমাত্রা	১৬.২	১৬.৮	১৮.৩	১৬.৩	২২.৫	১৬.১	১৬.৬	১৮.৬

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ও রাজামাটি ৩৮.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৬.১° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৩ এপ্রিল, ২০২১

খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৪ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৪০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১০	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	৩	০	০
৪।	সিলেট	৪	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৮	০	০
৮।	খুলনা	৭	০	০
	মোট	৪০	০	০

লঞ্চ দুর্ঘটনাঃ

নারায়ণগঞ্জঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, গতকাল ০৪.০৪.২০২১ তারিখ সন্ধ্যা আনুমানিক ০৬.১৫ টার সময় জেলার 'শীতলক্ষ্যা' নদীতে এমভি সাবিদ আল হাসান নামক একটি ছোট লঞ্চ মালবাহী কার্গো জাহাজের ধাক্কায় ডুবে যায়। লঞ্চটি উদ্ধার তৎপরতা অব্যাহত রয়েছে। সর্বশেষ খবর অনুযায়ী ৩৩ জন নিখোঁজ রয়েছে তার মধ্যে ৫ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। তাৎক্ষণিকভাবে দুর্ঘোণ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয়কর্তৃক বরাদ্দ থেকে জেলা প্রশাসন উদ্ধারকৃত ৪ জন মৃত ব্যক্তির পরিবারের মাঝে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা হারে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা মানবিক সহায়তা হিসেবে বিতরণ করেছে। ১ জন মৃত ব্যক্তির পরিবার মানবিক সহায়তা গ্রহণ করেননি। লঞ্চটি উদ্ধার কাজ সম্পন্ন হলে আরো মৃতদেহ উদ্ধারের সম্ভাবনা রয়েছে।

সূত্র: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,

নারায়ণগঞ্জ এর পত্র নং- ৫১.০১.৬৭০০.২০৬.৯৭.০০১.১৬-২২৭; তারিখঃ ০৫/০৪/২০২১ খ্রিঃ।

কালবৈশাখী ঝড়

০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখ বেলা আনুমানিক ৩.০০ ঘটিকায় দেশের

বিভিন্ন জেলার উপর দিয়ে প্রবাহিত কালবৈশাখী ঝড়ে নিহতদের নামের তালিকা:

ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম	নিহত ব্যক্তির নাম	পিতা/স্বামীর নাম	গ্রাম	ইউনিয়ন	মন্তব্য
১	গাইবান্ধা	সুন্দরগঞ্জ	ময়না বেগম (৬০)	স্বামী-মোঃ হলেমান মিয়া	দোয়ারা বাজার	ধোপাডাঙ্গা	
২		গাইবান্ধা সদর	জোসনা রানী (৬৫)	স্বামী- শ্রী খগেন্দ্র	রিফাইতপুর সরকারতোরি	বাদিয়াখালী	
৩		ঐ	মনির (৫)	পিতা- মোঃ হিরু মিয়া	হরিনসিংগা তিনগাছেরতল	রামচন্দ্রপুর	
৪		ঐ	আরজিনা (২৮)	স্বামী- রিজু	আরিফখাঁ বাসুদেবপুর	রামচন্দ্রপুর	
৫		ঐ	সাহেরা বেগম (৪০)	স্বামী- মিঠু মিয়া	টনটনিপাড়া কিং মালিবাড়ী	মালিবাড়ী	
৬		পলাশবাড়ী	গোফ্ফার আলী (৪২)	পিতা- আব্বাস আলী	মোস্তফাপুর	বেতকাপা	
৭		ঐ	জাহানারা (৫০)	স্বামী মোঃ ইউনুস আলী	ডাকেরপাড়া	বেতকাপা	
৮		ঐ	মমতা বেগম (৬৪)	স্বামী- আঃ কাদের	কুমেদপুর	মনোহরপুর	
৯		ফুলছড়ি	হাফিজ উদ্দিন (৬৫)	পিতা- মৃত- আঃ বারিক	ডাকাতিয়ার চর	এরেন্ডাবাড়ী	
১০		ঐ	শিমুলী বেগম (২৫)	স্বামী-মোঃ বিটুল মিয়া	কাতলামারী	গজারিয়া	

১১	ফরিদপুর	আলফাডাঙ্গা	হালিমা বেগম (২২)	জাহিদ মোল্লা	পাকুরিয়া	বানা	
১২		ত্রি	আফসানা (১)	জাহিদ মোল্লা	পাকুরিয়া	বানা	
১৩	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর	মো: আজিজুল হক শাফায়াত (১৮)	পিতা- রেনুমিয়া	মহিনন্দ উত্তর পাড়া	মহিনন্দ	
১৪	চাঁদপুর	উত্তর মতলব	মো: শাহাদাত হোসেন (১৩)	পিতা- শুকুর আলি	গোপালকান্দি	সাদুল্লাপুর	

সূত্র: সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা।



৫-৪-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৮/১(১৭০)

তারিখ: ২২ চৈত্র ১৪২৭

০৫ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৫-৪-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা